

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

আইটি সেল

বিষয়ঃ ভূমি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৪/০২/২০১৬ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ আবুয়াল হোসেন, যুগ্ম সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার, ভূমি মন্ত্রণালয়।

তারিখঃ ১৪/০২/২০১৬ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ (উপস্থিতি পত্রের ক্রমানুসারে)

ক্রঃ	নাম, পদবী ও কার্যালয়	ফোন ও ইমেইল
১	জনাব মোঃ গোলাম কবির উপ-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	01715498898 gknganju15bcs@gmail.com
২	জনাব মোহাঃ আকবার আলী সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন), ভূমি সংস্কার বোর্ড	01191199010 alrc1@lrb.gov.bd
৩	জনাব মোঃ আব্দুল লতিফ, সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)-এর দপ্তর	01712703802 a_revenue@yahoo.com
৪	জনাব মোঃ মাহমুদ হাসান সিনিয়র সহকারী সচিব, ভূমি আপীল বোর্ড	01711-450655 hasanpatc@yahoo.co.uk
৫	জনাব মোঃ শাহেদ কবির উপ-পরিচালক, ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্র	01711450655 ddlatc@gmail.com
৬	জনাব মোঃ ইলিয়াস হোসেন প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়	০১৭৪৯০৭১২০০ programmer@minland.gov.bd

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন ভূমি মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পুনঃগঠনের পর এটা প্রথম সভা এবং সভাপতি মহোদয় সকলকে ইনোভেশন টিমের কার্যাবলী, করণীয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ইনোভেশন টিম বিষয়ক নির্দেশিকা সম্পর্কে সকলকে অবগত করেন। তিনি আরও জানান যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশ অনুযায়ী ১৫-০২-২০১৬ তারিখের মধ্যে উদ্ভাবন সংক্রান্ত ২০১৫ সালের প্রতিবেদন এবং ২০১৬ সালের কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। অতঃপর তিনি ২০১৫ সালে সারাদেশে ভূমি সংক্রান্ত সকল উদ্ভাবনের প্রাপ্ত তথ্য ও ২০১৬ সালে মাঠপর্যায়ে উদ্ভাবনী কর্মপরিকল্পনা সম্পর্কে সকলকে অবহিত করেন। সভায় ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ ২০১৫ সালে তাঁদের ইনোভেটিভ কর্মকান্ড ও ২০১৬ সালের কর্মপরিকল্পনা সম্পর্কে জানান। ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা তাঁদের ২০১৫ সালের প্রতিবেদন ও ২০১৬ সালের কর্মপরিকল্পনা সম্পর্কে তথ্য ১৫-০২-২০১৬ তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

- ১) ভূমি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থা সমূহের ইনোভেশন টিম প্রতিমাসে পৃথকভাবে সভা করবেন এবং সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- ২) ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা তাঁদের ২০১৫ সালের সম্পাদিত উদ্ভাবনী তথ্য সমূহ দ্রুত সময়ের মধ্যে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
- ৩) ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা তাঁদের ২০১৬ সালের কর্মপরিকল্পনা সম্পর্কে তথ্য ভূমি মন্ত্রণালয়ে অতিদ্রুত সফটকপি ও হার্ডকপি প্রেরণ করবে।
- ৪) ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত ২০১৬ সালের কর্মপরিকল্পনাসমূহ একত্রিত করে নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে দ্রুত প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ৫) ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত ২০১৫ সালের উদ্ভাবনী কার্যাবলির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আবুয়াল হোসেন)


যুগ্ম সচিব (উন্নয়ন) ও

চীফ ইনোভেশন অফিসার

ভূমি মন্ত্রণালয়

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৫।
- ৪। মহাপরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৫।
- ৫। পরিচালক, ভূমি প্রশাসন ও প্রশিক্ষন কেন্দ্র, নীলক্ষেত্র, বাবুপুরা, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। জনাব ..... ইনোভেশন অফিসার, ভূমি মন্ত্রণালয়।
- ১০। অফিস কপি।

  
২০-২-২০১৬

(মোঃ ইলিয়াস হোসেন)

প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪০১৭৫

programmer@minland.gov.bd